যুগান্তর

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

# সেকেলে যন্ত্রপাতি দিয়ে চলছে গবেষণাগার

**মাহসাব রনি**

রাজধানীর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) বিভিন্ন বিভাগের গবেষণাগার (ল্যাব) আধুনিক যন্ত্রপাতির অভাবে বেহাল অবস্থায় পড়ে আছে। ফলে এসব গবেষণাগারে শিক্ষার্থীদের অপরিহার্য ব্যবহারিক শিক্ষা কার্যক্রম প্রতিনিয়ত ব্যাহত হচ্ছে। গবেষণানির্ভর কৃষি শিক্ষায় অসম্পূর্ণ গবেষণাগার বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। ব্যবহারিক ক্লাস ও গবেষণা কার্যক্রম করতে না পারায় পূর্ণাঙ্গ কৃষি গ্র্যাজুয়েট হিসেবে আত্মপ্রকাশ করতে ব্যর্থ হচ্ছেন অধিকাংশ শিক্ষার্থী।

- শিক্ষার্থীদের অপরিহার্য ব্যবহারিক কার্যক্রম ব্যাহত
- শিক্ষার্থী বাড়লেও ক্লাসের আয়তন ও যন্ত্রপাতির সংখ্যা বাড়েনি

কয়েকটি বিভাগের গবেষণাগারে খোঁজ নিয়ে জানা গেছে, প্রায় ৩০ বছরের পুরনো অকেজো মাইক্রোস্কোপ দিয়েই এখনও অণুজীব শনাক্ত করেন স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরা। একইভাবে শিক্ষার্থীর সংখ্যা দিন দিন বাড়লেও বাড়েনি ক্লাসের আয়তন ও যন্ত্রপাতির সংখ্যা। শুধু ল্যাব যন্ত্রপাতিই নয়, দক্ষ ল্যাব-এসিস্টেন্টের অভাবও রয়েছে। বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং বিভাগের গবেষণাগার সম্বন্ধে বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সারোয়ার হোসেন বলেন, ল্যাবটিতে এখনও ৩০ বছর আগের তৎকালীন কলেজ আমলের মাইক্রোস্কোপ দিয়ে কাজ করতে হয়। প্রতি বছর স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি পর্যায়ে যত সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয় সে হিসাবে এখানে ১০০টি মাইক্রোস্কোপ প্রয়োজন। কিন্তু আমাদের আছে মাত্র আটটি মাইক্রোস্কোপ। এছাড়া শ্রেণীকক্ষের বসার চেয়ার-টেবিলের সমস্যাও প্রকট আকার ধারণ করেছে। অন্যদিকে আধুনিক গবেষণায় মলিকুলার লেভেলের জেনেটিক্স বিষয়ে ল্যাবে যে সুযোগ-সুবিধা রয়েছে তা অত্যন্ত স্বল্প বলে শিক্ষার্থীরা যথার্থ গবেষণা করতে পারছেন না।

নিজ বিভাগের ল্যাব সম্পর্কে কীটতত্ত্ব বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মো. শাখাওয়াত হোসেন বলেন, ফসলের পোকামাকড় নিয়ে গবেষণা করেন এ বিভাগের শিক্ষার্থীরা। এজন্য এ বিভাগে একটি পেস্ট (পোকামাকড়) মিউজিয়াম অত্যাবশ্যক। এছাড়া আধুনিক গবেষণায় মলিকুলার ল্যাবের প্রয়োজন তো আছেই। ল্যাবে পোকামাকড়ের ফিজিওলজি, রিয়ারিং, বায়োকেমিস্ট্রি ইত্যাদি বিষয়ে গবেষণার বিভিন্ন রাসায়নিক দ্রব্যের ঘাটতি রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। তবে সম্প্রতি শিক্ষকদের নিজস্ব উদ্যোগে কিছু যন্ত্রপাতি কেনা হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসনের এই গবেষণাগারে নজর দেয়া প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি।

কৃষি গবেষণার ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ বিভাগ প্লান্ট প্যাথলজি (রোগতত্ত্ব) বিভাগের ল্যাবে নানা ধরনের সমস্যার রয়েছে। বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মো. বেলাল হোসেন বলেন, আমাদের ল্যাবে যে সংখ্যায় শিক্ষার্থী গবেষণা করতে আসেন তাদের প্রয়োজন অনুসারে ল্যাবে রয়েছে মাত্র ৩০ শতাংশ যন্ত্রপাতি। স্নাতকোত্তর পর্যায়ে পুরো গবেষণা ল্যাবেই হয়ে থাকে বলে জানান তিনি। প্রতি বছর বিভিন্ন পর্যায়ে ভর্তি হওয়া গড়ে ৬০ শিক্ষার্থীর জন্য মাইক্রোস্কোপ রয়েছে মাত্র সাতটি। এর মধ্যে তিনটি ভালো কাজ করে, বাকিগুলো ৩০ বছরের পুরনো। এছাড়া গবেষণায় ব্যবহৃত স্লাইড, মালচিং ফ্লুইড, ক্রিস্টালাইজিং এজেন্ট, স্টেইনিং কালার ও অন্য রাসায়নিক পদার্থের পৃষ্ঠা ৭ : কলাম ৪

## সেকেলে যন্ত্রপাতি দিয়ে চলছে

(৩য় পৃষ্ঠার পর)

ঘাটতি রয়েছে ল্যাবটিতে। এছাড়া উন্নত গবেষণার জন্য মলিকুলার ল্যাব, কেমিক্যাল সলিউশন ও আধুনিক ইকুইপমেন্ট স্থাপন করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের বায়োটেকনোলজি বিভাগ, মৃত্তিকাবিজ্ঞান বিভাগ, কৃষি রসায়ন, উদ্যানতত্ত্ব বিভাগ, কৃষিতত্ত্ব বিভাগের ল্যাবগুলোতেও যন্ত্রপাতি, রাসায়নিক পদার্থের স্বল্পতা রয়েছে বলে অভিযোগ সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তাদের। বিশ্ববিদ্যালয়ের নতুন বিভাগ এনিমেল সায়েন্স ও ভেটেরিনারি মেডিসিন অনুষদের প্রায় সব শিক্ষা কার্যক্রম ল্যাবনির্ভর হলেও ওই অনুষদের ল্যাবগুলো এখনও পূর্ণতা পায়নি। আধুনিক যন্ত্রপাতির অভাবে কয়েকটি ল্যাবে এখনও গবেষণা কার্যক্রম শুরু করতে পারেননি শিক্ষার্থীরা। মেডিসিন ও পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক ড. কেবিএম সাইফুল ইসলাম বলেন, অনুষদটি নতুন হওয়ায় সব ল্যাবেই যন্ত্রপাতির ঘাটতি রয়েছে। এই অনুষদে একটি মেডিসিন ক্লিনিক অত্যাবশ্যক। এছাড়া অ্যানাটমির বোন্স ও অন্য যন্ত্রপাতির তো অভাব রয়েছেই। অনুষদের শিক্ষকরা ব্যক্তিগত উদ্যোগে শিক্ষার্থীদের গবেষণায় সাহায্য করছেন। বিশ্ববিদ্যালয়ের ল্যাব ও গবেষণার বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন আহম্মদ বলেন, শিক্ষার্থীদের ল্যাব ও গবেষণার বিষয়টিকে গুরুত্বের সঙ্গে নিয়ে আমরা শিগগিরই যথাযথ ব্যবস্থা নেব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর